# পররাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন বিদেশস্থ মিশনসমূহের হিসাব পরীক্ষার সময় নিম্নলিখিত গুরুত্বপূর্ণ বিষয়গুলি দেখতে হবে ঃ

| ক্রমিক নং | বিষয় | প্রাপ্যতা/আদেশাবলী |
|---|---|---|
| ১. | শিক্ষা ভাতা | (ক) সন্তানের শিক্ষার ক্ষেত্রে ব্যয়িত অর্থের সর্বোচ্চ ৮৫% সরকার বহন করবে। মিশনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের সন্তানদের শিক্ষার ক্ষেত্রে সর্বশেষ ০১/০৭/২০১২ খ্রিঃ হতে ৮৫% হিসেবে সর্বোচ্চ ২০ হাজার মাঃডঃ প্রাপ্য হবেন। অর্থ প্রদানের স্বপক্ষে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মানি রশিদ থাকতে হবে অথবা মিশন কর্তৃক সরাসরি শিক্ষা প্রতিষ্ঠানকে অর্থ পরিশোধ করতে হবে।<br>(সূত্র-অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/ব্যঃনিঃ-২/শিক্ষা ভাতা-১/২০০৯/৫৩ তারিখঃ ১১/০৩/২০১২ খ্রিঃ এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-বি-৮/২/৮৩ তারিখঃ ২৮/০৯/১৯৮৩ খ্রিঃ)। |
| | | (খ) বাংলাদেশ স্থায়ী মিশন, জেনেভো এবং বাংলাদেশ দূতাবাস, টোকিও মিশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানের শিক্ষা ভাতা যথাক্রমে-২৮,০০০ মাঃডঃ এবং ৩০,০০০ মাঃডঃ পুনঃনির্ধারণ করা হয়।<br>(সূত্র-অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/ব্যঃনিঃ-২/এম (৩৯)/অংশ-৩/২০০৮/১৭৬ তারিখঃ ২৮/০৮/২০১২ খ্রিঃ, অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/ব্যনি-২/এম (৩৯)/অংশ-৩/২০০৮/২৫৮ তারিখঃ ১৯/১২/২০১২ খ্রিঃ এবং স্মারক নং-০৭.১৫২.০০০.১৯.০০.০০০ (অংশ-৩).২০০৫-১৯ তারিখঃ ১৮/০৭/২০১৭ খ্রিঃ)। |
| | শিক্ষা ভাতা প্রাপ্যতার ক্ষেত্রে বয়স | টিউশন ফি বাবদ শিক্ষা ভাতা ২১ বছর থেকে বৃদ্ধি করে ২৩ বছর অথবা স্নাতক ডিগ্রী সম্পন্ন হওয়ার মধ্যে যেটি আগে ঘটবে সে পর্যন্ত পাপ্য। আদেশ জারীর তারিখ হতে কার্যকর।<br>সূত্র-অর্থ মন্ত্রণালয়ের আদেশ নং-০৭.১৫২.০০০.১৯.০০.০০০ (অংশ-৩).২০০৫-১৮৪ তারিখঃ ২৪/০১/২০১৭ খ্রিঃ) |
| | তৃতীয় দেশে অধ্যায়নের জন্য শিক্ষা ভাতা | মিশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানগণ কর্মরত দেশ বহির্ভূত যে কোন তৃতীয় দেশে অধ্যায়নের জন্য শিক্ষা ভাতা প্রাপ্য হবে এবং পিতা মাতার সাথে সাক্ষাতের জন্য বৎসরে একবার বিমান ভাড়া প্রাপ্য হবে।<br>(সূত্র -অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/প্রবিধি-৫/পম/বিবিধ-২৬/৯৯/১০৮ তারিখ ২৫-১১-২০০৪) |
| | শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির উদ্দেশ্যে গমণের জন্য বিমান ভাড়া | ১. মিশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানগণ কর্মরত দেশ বহির্ভূত যে কোন তৃতীয় দেশে ভর্তির উদ্দেশ্যে একবার বিমান ভাড়া প্রাপ্য হবে।<br>(সূত্র-অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/ অবি/প্রবিধি-৫/পম/বিবিধ-২৬/৯৯/১০৮ তারিখ ২৫-১১-২০০৪)।<br>২. নিয়োগকৃত স্থানে সন্তানের শিক্ষার সুযোগ-সুবিধার অবর্তমানে স্বদেশে প্রেরণ পূর্বক অধ্যয়নের জন্য বিদেশ থেকে প্রত্যাবর্তন/প্রেরণ বাবদ শুধুমাত্র পাথেয় খরচ প্রদান করা যাবে।<br>(সূত্র- অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং অম(অবি) বিবিধ-৪/পঃমঃ/ভাতা-১১/৮৭/২৭৫ তারিখ ১-৪-৯৫)। |
| | পাবলিক/ প্রাইভেট শিক্ষা প্রতিষ্ঠান নির্বিশেষে অধ্যয়নের ক্ষেত্রে অধিকন্তর স্পষ্টীকরণ | বিদেশে অবস্থিত সকল মিশনের জন্য শিক্ষা ভাতা/২০১২ সালে ২০০০০ মার্কিন ডলার সিলিং নির্ধারণ করা হয়েছে। ফলে এখন থেকে নির্ধারিত সিলিং এর মধ্যে পাবলিক/প্রাইভেট যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে সন্তানগণ অধ্যয়নের সুযোগ পাবেন।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/ব্যনি-২/জি (৫০)/অংশ-৩/২০০৫/৭৮ তারিখ ২০/০৩/২০১৩ খ্রিঃ) |

| | | |
|---|---|---|
| | **যমজ সন্তানের শিক্ষা ভাতা প্রাপ্যতা** | বাংলাদেশ মিশন সমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের Second Issue (Twins) এর সময় যমজ সন্তান জন্ম হলে বিশেষ ক্ষেত্র বিবেচনায় প্রচলিত বিধানের Spirit এর মধ্যে থেকে তৃতীয় সন্তানকে দুই সন্তানের প্রাপ্য সুবিধাদির অনুরূপ সুবিধাদি প্রদান করার বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি আছে ।<br>সূত্র- অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/ব্যনি-২/পররাষ্ট্র/শিক্ষা ভাতা-১/২০০৯/৭০ তারিখঃ ১২/০৩/২০১৩ খ্রিঃ) |
| | **বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন সমূহে কর্মরত স্বদেশ ভিত্তিক কর্মকর্তা/ কর্মচারগণের সন্তানাদির বার্ষিক শিক্ষা ভাতা প্রদান সংক্রান্ত ।** | বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে কর্মরত স্বদেশ ভিত্তিক কর্মকর্তা/ কর্মচারীগণের সন্তানাদির বার্ষিক শিক্ষা ভাতা প্রদানের ক্ষেত্রে প্রকৃত খরচ এবং অনধিক দুই সন্তান (এক বা দুই) এর জন্য বার্ষিক সর্বোচ্চ ২০,০০০ মার্কিন ডলার এর মধ্যে যেটি কম সেটি প্রাপ্য । যা ০১ জুলাই ২০১২ থেকে কার্যকর ।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগের স্মারক নং-এডি-বিএন্ডইসি-৮১৭১/এফএ,ইএ, ইডিএ/২০০৭ (পার্ট)/১৩ তারিখ ১১/০৩/২০১২ খ্রিঃ) |
| | | দক্ষিণ কোরিয়া, চীন, বেলজিয়াম, ফ্রান্স, ইতালী, তুরস্ক ও আলজেরিয়া ২৫০০০ মাঃডঃ করে, সুইজারল্যান্ড ৩৫০০০ মাঃডঃ ও জাপান ৩৭৫০০ মাঃডঃ করে উক্ত মিশনসমূহে কর্মরত স্বদেশ ভিত্তিক কর্মকর্তা/কর্মচারীগণের সন্তানদের অনুকূলে শিক্ষা ভাতা প্রাপ্যতার হার নির্ধারিত হয়েছে । তবে তৃতীয় দেশের জন্য এর হার প্রযোজ্য হবে না । তৃতীয় দেশের জন্য নির্ধারিত ফ্ল্যাট রেট ২০০০০ মাঃডঃ ।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং-০৭.১৫২.০০০.১৯.০০.০০০.২০১৭-২৬৫ তারিখঃ ১৮/০২/২০১৯ খ্রিঃ) |
| | **পিএ কমিটির সিদ্ধান্ত** | ৯ম জাতীয় সংসদের ৫ম বৈঠকে পিএ কমিটির সিদ্ধান্ত ঃ (১) পাঁচ বছরের কম বয়সের সন্তানের বেসরকারি বিদ্যালয়ে পড়াশুনার খরচ বাবদ শিক্ষাভাতা হিসাবে গৃহীত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে ।<br>(সূত্রঃ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় এর পত্র নং-১১.০০.০০০০.৪৩১.০৩৭.০১৯.১৪ তারিখঃ ১১/০৮/২০১৪ খ্রিঃ) |
| | **শিক্ষা ভাতা** | মিশনে নিযুক্ত কর্মচারীগণের অধ্যায়নরত সন্তানদের ক্ষেত্রে স্কুলের বই এবং পোষাক স্কুল থেকে সরবরাহ করা হউক বা না হউক এ বাবদ খরচ অবশ্যই অভিভাবককে বহন করতে হবে ।<br>(সূত্রঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-ইসি-৬/১/৮৮ তারিখঃ ২২/-৭/১৯৮৯ খ্রিঃ) । |
| | **Actual Tuition ফি** | পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণ সন্তানদের শিক্ষা ভাতার ক্ষেত্রে Actual Tuition Fee হিসেবে Tuition fee, Enrolment fee, Examination fee, Application fee, Registration fee, Laboratory fee & International Student fee এই সুবিধাসমূহ প্রাপ্য হবেন ।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের, ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২ এর স্মারক নং-০৭.১৫২.০০০.১৯.০০.০০০.২০০৫(অংশ-৩)-১৮৭ তারিখঃ ০৬/১২/২০২১ খ্রিঃ) |
| | **চিলড্রেন প্যাসেজ** | কর্মরত দেশ বহির্ভূত অন্য কোন দেশে অধ্যয়নের ক্ষেত্রে সে দেশ হতে সন্তানকে তার পিতা-মাতার সাথে বৎসরে একবার মিলিত হওয়ার জন্য একটি ফিরতি বিমান ভাড়া প্রাপ্য ।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের পত্র নং-এমএফ/ইএফ-৪(এটি)/জি(২৩)/৮৮-৮৯/২৬৪ তারিখঃ ২৩/০১/১৯৯১ খ্রিঃ) |
| | **বাংলাদেশে পড়াশুনার ক্ষেত্রে চিলড্রেন প্যাসেজ** | বিদেশে কর্মরত যে সকল কর্মকর্তা ও কর্মচারী তাদের সন্তান সন্ততিকে বাংলাদেশে শিক্ষার জন্য প্রেরণ করবেন । সে ক্ষেত্রে তাদের নির্ভরশীল ও অধ্যয়নরত সন্তানগণকে বৎসরে একবার সরকারি খরচে পিতা-মাতার সাথে মিলিত হওয়ার সুযোগ পাবেন ।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/বিধি-৪/পঃমঃ/ভাতা-১১/৮৭/১৬৫ তারিখঃ ১৪/০৫/১৯৯৪ খ্রিঃ) |
| | **২৩ বছর পূর্তির পর চিলড্রেন প্যাসেজ প্রাপ্তি** | বিদেশে অবস্থিত মিশন সমূহে কর্মরত কর্মচারীগণের সন্তানগত ২১ বৎসর পূর্তির পর তারা কোন শিক্ষা ভাতা প্রাপ্য নন, তবে এ ক্ষেত্রে নির্ভরশীল ও অধ্যয়নরত সন্তানগণকে তাদের পিতা-মাতার সাথে মিলিত হওয়ার জন্য বৎসরে একবার সরকারি খরচে পাথেয় প্রদান করা যেতে পারে ।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/বিধি-৪/পঃমঃ/ভাতা-১১/৮৭/১৬৫ তারিখঃ ১৪/০৫/১৯৯৪ খ্রিঃ) |

| | | |
|---|---|---|
| | **প্রতিবন্ধী সন্তানের জন্য চিলড্রেন প্যাসেজ** | প্রতিবন্ধী সন্তানগণ পিতা-মাতার কর্মস্থলে শিক্ষার পরিবর্তে স্বদেশে অধ্যায়ন করতে পারবেন। এ ক্ষেত্রে তারা কর্মস্থল থেকে স্বদেশ পর্যন্ত পাথেয় খরচ প্রাপ্য হবেন এবং একজন সঙ্গীসহ বৎসরে একবার পিতা-মাতার সাথে মিলিত হওয়ার ক্ষেত্রে সরকারি খরচে পাথেয় প্রাপ্য হবেন। (সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম(অবি)/বিধি-৪/পঃমঃ/ভাতা-১১/৮৭/২৭৫ তারিখঃ ০১/০৪/১৯৯৫ খ্রিঃ) |
| | **তৃতীয় সন্তানকে প্রথম সন্তান হিসেবে শিক্ষা ভাতা প্রদান** | বাংলাদূত, ম্যানিলার প্রাক্তন প্রশাসনিক কর্মকর্তা জনাব মমতাজ উদ্দিন এর ৩য় সন্তানকে ১ম সন্তান হিসেবে গণ্য করে গৃহীত শিক্ষা ভাতা মঞ্জুরীর প্রস্তাবে অর্থ বিভাগের অসম্মতি রয়েছে। (সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/বিধি-৫/পঃমঃ/ভাতা-৯/৮৫/২৬ তারিখঃ ১৫/০৩/২০০৪ খ্রিঃ) |
| | **শিক্ষা বছর গণনার নিয়ম** | সকল চাকুরী বিধিতে বছরের ব্যাখ্যায় যেহেতু পুঞ্জিকা বছর বুঝানো হয়েছে, সে প্রেক্ষিতে এবং বৈদেশিক সার্ভিস বিধিও একটি চাকুরী বিধি হওয়ায় উক্ত বিধিতে উল্লেখিত বছর বলতে পুঞ্জিকা বছর বুঝাবে, আর তাছাড়া পররাষ্ট্র মন্ত্রণালয়ের ০৩/০৯/১৯৮৯ খ্রিঃ তারিখের এসএফএ/অডিট-৫/৭৭/৮৭ নং স্মারকে বছর বলতে পুঞ্জিকা বছর বুঝায় বলে যে মতামত দেয়া হয়েছে তার সাথে অর্থ বিভাগ একমত পোষন করে (সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম(অবি)/বিধি-৪/পঃমঃ/বিবিধ-৩/১৮/১৩৭ তারিখঃ ১২/১২/১৯৯৩ খ্রিঃ)। |
| ২. | **চিকিৎসা ব্যয়** | একমাত্র চিকিৎসকের পরামর্শ মোতাবেক চিকিৎসা ব্যয় পরিশোধ করতে হবে। কোনক্রমেই নিজস্ব উদ্দ্যোগে অর্থাৎ চিকিৎসকের পরামর্শ ছাড়া মেডিকেল স্টোর/কাউন্টার থেকে ক্রীত ঔষধের জন্য চিকিৎসা ব্যয় পরিশোধ করা যাবে না। (সূত্র-অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/ব্যঃনিঃ-২/পররাষ্ট্র-১০/৯৬ (অংশ-১)/৪৯ তারিখঃ ০৮/০৩/২০১২ খ্রিঃ) |
| | **দন্ত রোগ** | দাঁতের ক্লিনিং ও অতিরিক্ত দন্ত সংযোজন (Artificial denture) প্রাপ্য নয়। Precious Metal ব্যতীত ফিলিং প্রাপ্য। সুনির্দিষ্ট বর্ণনা ব্যতীত চিকিৎসা ব্যয় প্রাপ্য নয় (সূত্র- Financial Instructions for the Guidance of Bangladesh Missions Abroad চ্যাপ্টার ১১ অনুচ্ছেদ- ২( ১৫) ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং রুল ১২/১৫/৬৮ তারিখ ১-১-১৯৭০) |
| | | ১৯৭০ সালের মেডিকেল এটেনডেন্ট রুল সংশোধন করে Pyrrohea, gingibits, dentures প্রভৃতি দন্ত রোগ অন্তর্ভূক্ত হবে। (সূত্র -অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/প্রবিধি-৫/পম/বিবিধ-২৬/৯৯/১০৮ তারিখঃ ২৫-১১-২০০৪ খ্রিঃ) |
| | **কর্মস্থলের বাহিরে চিকিৎসা ব্যয়** | যথাযথ কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন/মঞ্জুরী ব্যতীত কর্মস্থলের বাহিরে অন্য কোন দেশে চিকিৎসা ব্যয় প্রাপ্য নয় (সূত্র - Financial Instructions for the Guidance of Bangladesh Missions Abroad চ্যাপ্টার ১১ অনুচ্ছেদ-৩ |
| | **স্থানীয় ভিত্তিক বাংলাদেশী ৪র্থ শ্রেনীর কর্মচারীদের পরিবারের চিকিৎসা ব্যয়** | স্থানীয় ভিত্তিক বাংলাদেশী ৪র্থ শ্রেণী কর্মচারী ও তার পরিবারের সদস্যগণ মিশন তহবিল হতে হাসপাতালের চিকিৎসা ব্যয় প্রাপ্য। তবে বাসাতে থেকে চিকিৎসা করলে সে ব্যয় প্রাপ্য নহে। (সূত্র-Financial Instructions for the Guidance of Bangladesh Missions Abroad চ্যাপ্টার ১১ অনুচ্ছেদ-২(iv)। |
| | **চিকিৎসা বিলের ১০% ব্যয় বহন** | ২০০৩-০৪ অর্থ বছর হতে চিকিৎসা বিলের ১০% ব্যয় সংশ্লিষ্ট কর্মকর্তা কিংবা কর্মচারীকে বহন করতে হবে (সূত্র ঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/বাশা-৬/৩-১৮০১-০০০১(১)/ ৯৮(অংশ-১)/২৪১ তারিখঃ ৮-১০-০৩ খ্রিঃ)। |
| | **নিজস্ব অনুদানের পরিমাণ** | নিজস্ব অনুদানের পরিমাণ ৪০০০ মাঃডঃ এর বেশী হবে না। (সূত্রঃ |

| | | |
|---|---|---|
| | **জটিল ও দূরারোগ্য রোগে আক্রান্ত কর্মকর্তা/ কর্মচারীর পদায়ন** | জটিল ও দূরারোগ্য রোগে আক্রান্ত কর্মকর্তা ও কর্মচারীকে মিশনে পদায়ন করা যাবেনা (সূত্র ঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/বাশা-৬/৩-১৮০১-০০০১(১)/৯৮(অংশ-১)/২৪১ তারিখ ৮-১০-০৩) । |
| | **ব্যয়বহুল চিকিৎসা** | ব্যয়বহুল চিকিৎসার ক্ষেত্রে এক নাগারে তিন মাসের অধিক কোন কর্মকর্তা/কর্মচারী অসুস্থ্য থাকলে তাকে দেশে ফেরৎ আনার ব্যবস্থা করতে হবে ।<br>(সূত্র ঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/বাশা-৬/৩-১৮০১-০০০১(১)/৯৮(অংশ-১)/২৪১ তারিখ ৮-১০-০৩) । |
| | **চিকিৎসা ব্যয় সংক্রান্ত** | বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের চিকিৎসা ব্যয় গ্রহণেরক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীগণের নিজস্ব অবদানের ১০% এর সর্বোচ্চ অংক হবে ৪০০০ মাঃডঃ<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/ব্যঃনিঃ-২/পররাষ্ট্র-১০/৯৬(অংশ-১)/৪৯, তারিখৎ ০৮/০৩/২০১২ খ্রিঃ) |
| | **ডায়েট চার্জ** | চিকিৎসা বিলে ডায়েট চার্জ পৃথকভাবে উল্লেখ থাকলে তা আদায়যোগ্য ।<br>(পররাষ্ট্র মন্ত্রণালয়ের সার্কুলার নং-AD-R&D-001(Medical Attendance) তারিখঃ ১৯/৭/০৭ খ্রিঃ) । |
| | **একোমোডেশন চার্জ এর ২০% ডায়েট চার্জ** | ডায়েট চার্জেজ হাসপাতালের বিলের অন্তর্ভূক্ত না হলে মোট একোমোডেশন চার্জের ২০% আদায়যোগ্য ।<br>(সূত্রঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-এমএফএ/অডিট-৬/২৯/৮৭ তারিখঃ ২৩/০৫/১৯৮৮ খ্রিঃ) । |
| | **চোখের চিকিৎসাঃ** | চোখের চিকিৎসার ক্ষেত্রে ডাক্তারি ফি ও ঔষধ প্রাপ্য । তবে চশমার গ্লাস, লেন্স প্রাপ্য নহে এবং চশমার পাওয়ার পরিবর্তন সংক্রান্ত ডাক্তারী খরচ প্রাপ্য নহে ।<br>(সূত্র-Financial Instructions for the Guidance of Bangladesh Missions Abroad চ্যাপ্টার ১১ অনুচ্ছেদ-২(iv) এবং Medical Attendance Rules 1958 এর 2 (i) |
| ৩. | **দৈনিক ভাতা** | ১. **যোগদানকালীন দৈনিক ভাতা:-** বাসস্থান না থাকার কারনে (৬+১৫) = মোট ২১ দিনের দৈনিক ভাতা প্রাপ্য । দৈনিকভাতা গ্রহনকালীন সময়ে বৈদেশিক ভাতা প্রাপ্য নয় ।<br>২. যোগদানের সাথে সাথে বাসস্থানের ব্যবস্থা থাকলে ৫০% হারে সর্বোচ্চ ১২ দিনের দৈনিক ভাতা প্রাপ্য । তবে ঐ সময়ের জন্য বৈদেশিক ভাতা প্রাপ্য নয় ।<br>(সূত্র-অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-এম,এফ/ইএফ-৪(এটি)/জি(২৪)/৮৮-৮৯/৮৬ তারিখঃ ১০-৬-৮৯ খ্রিঃ ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং বিধি-৪/১১/৮৯ তারিখ ২৬/০৬/১৯৮৯ খ্রিঃ) । |
| | **বাংলাদেশে যোগদানকালীন দৈনিক ভাতা প্রাপ্যতা** | বাংলাদেশে যোগদানকাল ভোগ করলে যোগদানকালীন দৈনিক ভাতা প্রাপ্য নয় ।<br>(সূত্র-এফ এস রুল ১৮(১) নোট-৪) । |
| | **কোভিড-১৯ পরিস্থিতিতে যোগদানকাল** | **কোভিড-১৯ পরিস্থিতিতে Quarantine কালীন Force Halt এ যোগদানকাল বর্ধিতকরণ ।**<br>(সূত্র-অর্থ মন্ত্রণালয়ের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের স্মারক নং-০৭.১৫২.০০.১৯.০০১(জি-১৭).২০০৫(অংশ-১)-৩০৩, তারিখঃ ২৩/০২/২০২২ খ্রিঃ ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং -১৯.০০.০০০০.১১৪.০১.০১০.২১.(১০)/৯৯৩,তারিখ ২৩/০২/২০২২খ্রিঃ) । |

| | | |
|---|---|---|
| | প্রতিনিধিত্ব -মূলক বা আনুষ্ঠানিক ভ্রমণের ভ্রমণ ভাতা | ১. ভ্রমন প্রতিনিধিত্বমূলক বা আনুষ্ঠানিক না হলে স্ত্রীর জন্য ভ্রমন ভাতা প্রাপ্য নয়, প্রতিনিধিত্বমূলক বা আনুষ্ঠানিক ভ্রমনের ক্ষেত্রে বৎসরে দু'বার স্ত্রীর জন্য ভ্রমন ভাতা প্রাপ্য (সূত্র - এফ এস রুল ১৮(১) নোট-৪) ।<br>২. ভ্রমন প্রতিনিধিত্বমূলক বা আনুষ্ঠানিক এর বিষয়টি রাষ্ট্রদূত কর্তৃক নির্ধারিত হবে । (সূত্র - নং এডি-পি-১/ ৮২০২ তারিখঃ ৬/৫/০৭) |
| | দৈনিক ভাতা, নগদ ভাতা, ট্রানজিট ভাতা, হোটেল ভাড়া, পকেট ভাতা ও টার্মিনাল চার্জ | দৈনিক ভাতা, নগদ ভাতা, ট্রানজিট ভাতা, হোটেল ভাড়া, পকেট ভাতা ও টার্মিনাল চার্জ এ সকল ভাতা অর্থ মন্ত্রণালয়ের ০৯/১০/২০১২ তারিখের আদেশ মোতাবেক প্রাপ্য ।<br>(সূত্র-অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/ব্যঃনিঃ-২/২(১৯)/২০০০-০৪/অংশ-১/২২১(১০০০) তারিখঃ ০৯/১০/২০১২ খ্রিঃ) । |
| | অধিক্ষেত্রাধীনের বাইরে ভ্রমন | দূতাবাস প্রধান অধিক্ষেত্রাধীনের বাইরে ভ্রমণের জন্য মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন ।<br>(সূত্র -Mission Audit Manual চ্যাপ্টার ৯ প্যারা ১০২ নোট-১) । |
| | গৃহভৃত্যের জন্য যোগদানকালীন দৈনিক ভাতা | গৃহভৃত্য ৩/৮ হারে শুধুমাত্র ৬ (ছয়) দিনের যোগদানকালীন দৈনিক ভাতা প্রাপ্য হবে ।<br>(সূত্র- Financial Instructions for the Guidance of Bangladesh Missions Abroad চ্যাপ্টার-১০ অনুচ্ছেদ-৫) এবং (সূত্র - এফ এস রুল-৩০) । |
| | গৃহভৃত্যের জন্য ১২ দিন অথবা ১৫ দিনের দৈনিক ভাতার প্রাপ্যতা | বিদেশস্থ মিশন সমূহে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণ কর্মস্থলে যোগদানের সাথে সাথে বাসস্থান প্রাপ্ত না হলে পরিবারসহ অনাধিক ১৫ দিনের দৈনিক ভাতা অথবা বাসস্থান থাকলে ১২ দিনের দৈনিক ভাতার অর্ধেক ৫০% হারে দৈনিক ভাতা প্রাপ্য হবেন। যেহেতু গৃহভৃত্যগণ পরিবারের সদস্য নন সেহেতু গৃহভৃত্যগণ ঐ সুবিধা প্রাপ্য হবেন না ।<br>(সূত্র-অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-এমএফ/ইএফ-৪(এটি)জি(২৪)/৮৮-৮৯/৮৬ তারিখঃ ১০/০৬/১৯৮৯ খ্রিঃ, পরিবারের সংজ্ঞাঃ FS Rule Chapter-V প্যারা-১৩ (বি) । |
| | লোকাল ট্যুর করাকালীন সময়ে একই দিনে দৈনিক ভাতা ও ট্রানজিট ভাতা প্রাপ্যতা | অর্থ বিভাগের ১৫/১০/২০০১ তারিখের অফিস স্মারক নং-অবি/বহিঃ অর্থ/বা-২/২ (১৯)/২০০০-২০০১/৪৪ (২৫০০) এর ১৩ (গ) উপানুচ্ছেদ কর্মকর্তা/কর্মচারীদের সরকারি কার্যোপলক্ষ্যে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে প্রযোজ্য, বিদেশস্থ বাংলাদেশ মিশনের কর্মকর্তা/কর্মচারীদের কর্মরত দেশে অভ্যন্তরীণ ভ্রমণের ক্ষেত্রে উহা প্রযোজ্য নয় ।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/বিধি-৫/পম/ভাতা১১/৮৭/৯ তারিখঃ ২৯/০১/২০০৪ খ্রিঃ)<br>বিদেশস্থ বাংলাদেশ মিশনের কর্মচারীগণ কর্মরত দেশে অভ্যন্তরীণ ভ্রমণের ক্ষেত্রে একই দিনে দৈনিক ভাতা ও ট্রানজিট ভাতা প্রাপ্য নয় ।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের পত্র নং-অম/অবি/বিধি-৫/পম/ভাতা-১১/৮৭/৯ তারিখঃ ২৯/০১/২০০৪ খ্রিঃ) । |
| | লোকাল ট্যুর করাকালীন সময়ে টার্মিনাল চার্জ সংক্রান্ত | সরকারি কাজে বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ অধিক্ষেত্রাধীন এলাকায় (একই দেশের অভ্যন্তরে) ভ্রমণকালে টার্মিনাল চার্জ প্রাপ্য হবেন না ।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.১৫২.০০০.০০.০০.০০০(অংশ-১).২০০৮-২৬০, তারিখঃ ০৭/০৪/২০২১ খ্রিঃ) । |
| | বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকারি কর্মকর্তাগণের টার্মিনাল চার্জ এর প্রাপ্যতা | অর্থ বিভাগের ১৫/১০/২০০১ তারিখের অফিস স্মারক নং-অবি/বহিঃ অর্থ/বা-২/২ (১৯)/২০০০-২০০১/৪৪ (২৫০০) এর ১২ অনুচ্ছেদ মোতাবেক কোন কর্মকর্তা সরকারি কার্যে বিদেশ ভ্রমণকালে মধ্যবর্তী কোন বিমান বন্দরে যাত্রা বিরতি/বিমান পরিবর্তন করলে যাত্রা বিরতি স্থানের জন্য টার্মিনাল চার্জ প্রাপ্য হবেন না ।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/ব্যনি-২/ভ্রমণ নীতিমালা-১/২০০৪/৩১৬ তারিখঃ ২৪/১০/২০১০ খ্রিঃ এর আলোকে উল্লিখিত বিষয়টি স্পষ্ট করা হয়েছে) । |
| ৪. | ইউটিলিটি চার্জ | উত্তাপন, বিদ্যুৎ ও পানি চার্জ বাড়ি ভাড়ার মধ্যে অন্তর্ভুক্ত থাকলে কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট হতে ২% হারে মাসিক বাড়ি ভাড়ার উপর মোট ৬ % কর্তন করতে হবে (সূত্র- Financial Instructions for the Guidance of Bangladesh Missions Abroad চ্যাপ্টার -১২ অনুচ্ছেদ-৩ ) । |

| | | |
|---|---|---|
| | বেইজিং দূতাবাসের জন্য ইউটিলিটি ব্যয় | বেইজিং দূতাবাসে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের ইউটিলিটি ব্যয় ৭৫% সরকার কর্তৃক এবং ২৫% সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক পরিশোধযোগ্য হবে ।<br>(সূত্র- পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং- ও এন্ড সি-১/১২/৯২ তারিখ ৫-১-৯৩) । |
| | রাষ্ট্রদূতের বাসভবনের ইউটিলিটি ব্যয় | রাষ্ট্রদূতের বাসভবনের ইউটিলিটি ব্যয়ের ৭৫% সরকার কর্তৃক পরিশোধযোগ্য এবং ২৫% রাষ্ট্রদূত কর্তৃক পরিশোধযোগ্য হবে (সূত্র- অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং এমএফপি/ইএফ(এটি)/ এফ(৫৩)/৮৩/১৬৪ তারিখ ২২-১-৮৫) । |
| ৫. | ফুয়েল চার্জ | রান্নার কাজে ব্যবহৃত গ্যাস চার্জ মিশন প্রধান কর্তৃক পরিশোধ করতে হবে<br>(সূত্র - Mission Audit Mannual চ্যাপ্টার-১২, অনুচ্ছেদ-২২২ ) । |
| ৬. | ট্যাক্সি ভাড়া | স্টাফকার পাওয়া না গেলে এবং বাস/ট্রামে ভ্রমনের সুযোগ না থাকলে শুধুমাত্র সেক্ষেত্রে ট্যাক্সি ভাড়া করা যাবে। ট্যাক্সি ভাড়া পরিশোধের ক্ষেত্রে মানি রিসিপ্ট থাকতে হবে ।<br>ট্যাক্সি ভাড়া পরিশোধের ক্ষেত্রে কর্মস্থল হতে বাসা এবং বাসা হতে কর্মস্থলে ভ্রমণ করা হয়নি এবং অফিস কাজে ভ্রমণ করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রত্যায়ন করতে হবে ।<br>(সূত্র- Financial Instructions for the Guidance of Bangladesh Missions Abroad চ্যাপ্টার -১২ অনুচ্ছেদ-৪ ও ৫ ) |
| ৭. | বাসস্থানের পরিবর্তে হোটেলভাড়া/গেষ্ট হাউস ভাড়া | বাসস্থান না থাকার কারণে ৬ দিনের যোগদানকালীন দৈনিক ভাতার অতিরিক্ত ১৫ দিনের দৈনিক ভাতাসহ সর্বমোট অনধিক ২১ দিনের দৈনিক ভাতা প্রাপ্য। ১৫ দিনের মধ্যে বাসস্থানের ব্যবস্থা করতে না পারলেও কোন অবস্থায়ই অতিরিক্ত সময়ের জন্য দৈনিকভাতা/ হোটেল ভাড়া বা গেষ্ট হাউস ভাড়া প্রাপ্য নয় ।<br>(সূত্র- অর্থ মন্ত্রণালয়ের আদেশ নং এমএফ/ইএফ-৪(এটি) জি(২৪)/ ৮৮-৮৯/৮৬ তারিখ ১০-৬-৮৯) । |
| | বাসস্থান না থাকলে ৩০ দিনের দৈনিক ভাতা প্রাপ্যতা | মিশনে যোগদানকালীন ৬ দিন ও অতিরিক্ত ১৫ দিনসহ মোট ২১ দিন অতিক্রান্ত হওয়ার পর থেকে প্রতিদিনের গড় হিসাব করে সর্বোচ্চ ১ মাস (৩০ দিন) বাড়ি ভাড়া হিসেবে সরাসরি হোটেল কর্তৃপক্ষকে মিশন কর্তৃক ভাড়া পরিশোধের সম্মতি প্রদান করা হয় ।<br>(সূত্রঃ অর্থ বিভাগ, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ এর স্মারক নং- ০৭.১৫২.০০.১৯.০০.০০১.(জি-১৭).২০০৫(অংশ-১)-১৮, তারিখঃ ৩০/০৭/২০২০ খ্রিঃ) |
| ৮. | চুক্তি ভিত্তিক নিয়োগের বেতন | চুক্তিভিত্তিক নিয়োজিত সময়ে চুক্তি ভিত্তিক নিয়োগের পূর্বে আহরিত/প্রাপ্য/শেষ বেতন চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন হিসাবে প্রাপ্য। ইহা ১৭/০২/২০০৮ তারিখ হতে কার্যকর ।<br>(সূত্র- অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং অম/অবি/প্রবিধি-২/চুক্তি-১/২০০৮/২৪১ তারিখ ১৭/০২/২০০৮) । |
| ৯. | ব্রোকারেজ (Brokerage) | বার্ষিক বাড়ি ভাড়ার ৫% পর্যন্ত পরিশোধযোগ্য। শুধুমাত্র প্যারিস দূতাবাসের ক্ষেত্রে সর্বোচ্চ ১ মাসের বাড়ি ভাড়ার সমান ব্রোকারেজ পরিশোধ করা যাবে (সূত্র- Financial Instructions for the Guidance of Bangladesh Missions Abroad চ্যাপ্টার ১২ অনুচ্ছেদ-১) । |
| ১০. | চার্জ দ্যা এ্যাফেয়ার্স এর দায়িত্ব ভাতা | (১) চার্জ দ্যা এ্যাফেয়ার্স পদে দায়িত্ব পালনের জন্য নিজ বৈদেশিক ও আপ্যায়ন ভাতার ২০% হারে দায়িত্বভাতা প্রাপ্য (সূত্র- এফ এস রুল-১২ ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের আদেশ নং-ইষ্ট (১)৩/৩৯/৭৩ তারিখ ২৭/০৫/১৯৭৪ খ্রিঃ) ।<br>(২) বিদেশস্থ বাংলাদেশ মিশন সমূহে কর্মরত কোন কর্মকর্তা Charge d' Affaires হিসেবে দায়িত্ব পালনকালে তিনি নিজ বৈদেশিক ভাতা এবং আপ্যায়ন ভাতা উভয়ের ২০% দায়িত্ব ভাতা হিসেবে অতিরিক্ত প্রাপ্য হবেন তবে শর্ত থাকে যে, দায়িত্ব ভাতা সহ উত্তোলিত ভাতা কোনক্রমেই মিশন প্রধানের প্রাপ্য বৈদেশিক এবং আপ্যায়ন ভাতার বেশী হবে না (সূত্রঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-এডি-পি১-৮২০১ তারিখঃ ০৫/১২/২০০৪ খ্রিঃ) । |
| ১১. | অধিক্ষেত্রাধীন ভাতা | সর্বোচ্চ তিনটি দেশের জন্য অধিক্ষেত্রাধীন ভাতা প্রাপ্য (সূত্র-Financial Instructions for the Guidance of Bangladesh Missions Abroad চ্যাপ্টার-৯,প্যারা ৩১) ।<br>**(ক)** প্রতিমাসে উক্ত বাৎসরিক ভাতার ১/১২ অংশ গ্রহণ করতে হবে ।<br>**(খ)** উক্ত ভাতা সংশ্লিষ্ট দেশে অপ্যায়নের জন্য ব্যয় করতে হবে ।<br>(সূত্র-পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-এডি-পি-১-০০২২ তারিখ ২৮-১২-১৯৯৮ খ্রিঃ) । |

| | | |
|---|---|---|
| ১২. | উৎসব ভাতা | মিশনে কর্মরত কর্মকর্তাগণ তৃতীয় দেশে হোমলীভ ভোগ করলে সে বৎসর উৎসব ভাতা প্রাপ্য হবেন না এবং স্থানীয় ভিত্তিক নিয়োগকৃত কর্মকর্তা ও কর্মচারীগণ উৎসব ভাতা প্রাপ্য নয় (সূত্র- অর্থ মন্ত্রণালয়ের আদেশ নং-এমএফ/এফডি (আইএমএফ)-V/এফবি/ ১২/৮৪/১২৯ তারিখ ১২-১১-১৯৮৬ খ্রিঃ)। |
| | চুক্তিভিত্তিক নিয়োগে উৎসব ভাতা | চুক্তিভিত্তিক কর্মকর্তা/ কর্মচারীগণ চুক্তিভিত্তিক নিয়োগের পূর্বের মূল বেতন উৎসব ভাতা হিসাবে প্রাপ্য। (সূত্র- সিএজি/প্র-১/৫৯(খন্ড-১)/৪২৫ তারিখ ১-১০-৯৯)। |
| | স্বদেশ ভিত্তিক ছুটিতে উৎসব ভাতা | • পররাষ্ট্র সার্ভিসে কর্মরত ঘোষিত কর্মকর্তাগণ স্বদেশ ভিত্তিক ছুটি বাংলাদেশে ভোগ করলে সেই অর্থ বৎসর উৎসব ভাতা প্রাপ্য হবেন (সূত্র- অম/অবি(বাস্ত-১)/ভাতা-১৬/৯৫(অংশ-১)/১১(২) তারিখঃ ২৭-১-০৩)।<br>• বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ বিদেশে উৎসব পালন করলে বৈদেশিক মুদ্রায় অথবা উৎসবের সময় দেশে থাকলে দেশীয় মুদ্রায় উৎসব ভাতা প্রাপ্য হবেন (সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম(অবি)/বিধি-৪/পঃমঃ/বিবিধ-৩/৮৮/১৩১ তারিখঃ ০৮/১১/১৯৯৩ খ্রিঃ)। |
| ১৩. | ব্যক্তিগত গাড়ি পরিবহন খরচ | বাংলাদেশ মিশন সমূহে স্বদেশ ভিত্তিক কর্মকর্তাদের ব্যক্তিগত গাড়ি বদলীকৃত কর্মস্থলে নেয়ার ক্ষেত্রে পরিবহন খরচের পরিমাণ ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা পর্যন্ত মঞ্জুরী পররাষ্ট্র মন্ত্রণালয় জারী করবে। তবে পরিবহন খরচের পরিমাণ ২,০০,০০০ (দুই লক্ষ) টাকার বেশী হলে অর্থ বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে। অনুমোদনের জন্য আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র থাকতে হবে।<br>—গাড়ির ব্লু বুক;<br>—বিল অব ল্যাডিং;<br>—বিল অব এন্ট্রি;<br>—মিশন প্রধাণের প্রত্যয়নপত্র।<br>(সূত্র- অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং অম/অবি/বিধি-৫/পম/বিবিধ-৩/৮৮(অংশ)/৫৫ তারিখঃ ২১/০৫/২০০৭ খ্রিঃ)। |
| ১৪. | মোবাইল/ সেলুলার ফোন সেট ক্রয় ও টেলিফোন বিল | • সরকারি মোবাইল/সেলুলার টেলিফোন সংযোগ ও ব্যবহার সংক্রান্ত নীতিমালা-২০০৪ এর অনুচ্ছেদ-২(ঘ) অনুযায়ী বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন প্রধাণগণ মোবাইল/সেলুলার টেলিফোন (আইএসডি ও এনডব্লিউডি সংযোগসহ) প্রাপ্য হবেন।<br>• সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা-২০১৮ এর ৬ষ্ঠ পরিচ্ছেদ মোবাইল ফোন সংযোগ ও ব্যবহার এর অনুচ্ছেদ-২৯(ঙ) অনুযায়ী বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন প্রধাণগণ মোবাইল ফোন সংযোগের প্রাধিকার হবেন। |
| ১৫. | ভাড়া বাড়ির অগ্রিম নিরাপত্তা জামানত ফেরত | • চ্যান্সারী ভবনসহ দূতাবাসের কর্মকর্তা/কর্মচারীদের বসবাসের নিমিত্ত ভাড়া বাড়ির জন্য অগ্রিম প্রদত্ত নিরাপত্তা জামানতের অর্থ চুক্তির মেয়াদান্তে/ বদলীকালে বাড়ির মালিকের নিকট হতে আদায়পূর্বক দূতাবাস তহবিলে জমা করতে হবে।<br>• কোন কর্মচারীর বদলীর প্রেক্ষিতে কিংবা অন্য কোন কারণে যদি তার সরকারি বাসভবন ছেড়ে দেয়ার প্রয়োজন হয়, তবে বিদায়ী কর্মচারীর পক্ষ হতে দূতালয় প্রধান এবং বাড়ির মালিকের (কিংবা প্রযোজ্য ক্ষেত্রে এজেন্সীর প্রতিনিধি) উপস্থিতিতে ঐ সরকারি বাসভবন পরিদর্শন করতঃ ক্ষতিপূরণ সম্পর্কিত কোন দায়-দাবী থাকলে তা কর্মচারীর পক্ষ হতে প্রদান পূর্বক ঐ বাড়ির মালিকের (কিংবা প্রযোজ্য ক্ষেত্রে এজেন্সীর) নিকট হতে একটি না-দাবী পত্র মিশনে উপস্থাপন করা আবশ্যক।<br>(সূত্রঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং-এমবিএন্ডইকিউ/বিবিধ-০১/২০১৩ তারিখঃ ০২/০৭/২০১৫ খ্রিঃ)। |
| ১৬. | সার্ভিস চার্জ | Tenants charge বসবাসকারী কর্তৃক পরিশোধ করতে হবে।<br>(সূত্র- এফএস রুল-৪৪(১)। |
| ১৭. | বাসভবনের ক্ষতিপূরণ চার্জ | বসবাসকারী কর্তৃক ভাড়া বাসা ক্ষতিগ্রস্থ হলে এর ক্ষতিপূরণ বসবাসকারীকেই প্রদান করতে হবে। ভাড়া বাড়ির জন্য প্রদত্ত অগ্রিম নিরাপত্তা জামানতের অর্থ হতে বাসার ক্ষতিপুরণ বাবদ অর্থ কর্তন করা হলে তা বসবাসকারীর নিকট হতে আদায়যোগ্য।<br>(সূত্র-Mission Audit Mannual প্যারা-২৪৩ ও Appendix-xii)। |

| | | |
|---|---|---|
| **১৮.** | **ডিস এন্টিনা ও এমপ্লিফায়ার ক্রয়** | ডিস এন্টিনা/ক্যাবল টিভি সংযোগের বিষয়ে নীতিগত অনুমোদন প্রদান করা হয়েছে। এ সকল আইটেম TO & E-তে অন্তর্ভূক্তির ব্যবস্থা করতে হবে। (সূত্র -অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/প্রবিধি-৫/পম/বিবিধ-২৬/৯৯/১০৮ তারিখ ২৫-১১-২০০৪ খ্রিঃ) |
| **১৯.** | **ওয়াশিং মেশিন ক্রয়** | ইউরোপ ও আমেরিকা ব্যতীত অন্য দেশের ক্ষেত্রে ওয়াশিং মেশিন প্রাপ্য নয়। (সূত্র - পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ৫/১৯/৭২-ইকিউ তারিখ ২৯-৩-৭৪)। |
| **২০.** | **বাড়ি ভাড়া** | (১) প্রাপ্য plinth area অনুসারে বাড়ি ভাড়া প্রাপ্য হবে (সূত্র -Mission Audit Mannual প্যারা-১৬১ ও Appendix-vii)।<br>**(২) সিলিং** ঃ- পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মিশনসমূহে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের বাসা বাড়ার ক্ষেত্রে পদবী অনুসারে সর্বোচ্চ সিলিং নির্ধারণ করতে হবে এবং ২০০৩-২০০৪ অর্থ বছর থেকে তা কার্যকর করাসহ মনিটরিংয়ের ব্যবস্থা গ্রহণ করবে (সূত্র ঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/বাশা-৬/৩-১৮০১-০০০১(১)/৯৮(অংশ-১)/২৪১ তারিখ ৮-১০-০৩)।<br>(৩) চ্যান্সারী ভবনসহ সকল কর্মকর্তা/কর্মচারীদের ভাড়াকৃত বাসভবনের বাড়ি ভাড়া চুক্তিপত্র পরীক্ষা করতে হবে। বাড়ি ভাড়া চেকের মাধ্যমে বাড়ির মালিককে পরিশোধ করা হয় কিনা তা পরীক্ষা করতে হবে। বাড়ি ভাড়া চেকে পরিশোধ না করে নগদে পরিশোধ করা হচ্ছে কিনা তা দেখতে হবে।<br>(৪) বাড়ির আয়তন।<br>(ক) মান্যবর রাষ্ট্রদূত-৩,০০০ বর্গফুট।<br>(খ) মিনিষ্টার/কাউন্সিলর-২,২৫০ বর্গফুট।<br>(গ) প্রথম সচিব/দ্বিতীয় সচিব-১,৬০০ বর্গফুট।<br>(ঘ) তৃতীয় সচিব/এর্টাচে-১,১০০ বর্গফুট।<br>(ঙ) সহকারী/স্টেনোগ্রাফার-৭৫০ বর্গফুট।<br>(চ) ইউডিসি/এলডিসি/স্টেনো টাইপিষ্ট-৬০০ বর্গফুট।<br>(ছ) চতুর্থ শ্রেণীর অফিসিয়াল ব্যতীত অন্যান্য-৩৫৫ বর্গফুট।<br>(জ) চতুর্থ শ্রেণী-২০০ বর্গফুট।<br>(সূত্রঃ অডিট ম্যানুয়াল, এপেনডিক্স-৭)।<br>(৫) বিদেশস্থ বাংলাদেশ মিশনের বাড়ি ভাড়া বৃদ্ধি ৫% এর বেশী হলে অর্থ বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৭.১৫৬.০৩২.০৬২.০০.০২.২০০৯-৫১৫ তারিখঃ ২৫/০৮/২০১৩ খ্রিঃ)। |
| **২১.** | **বাংলাদেশে অবস্থান সময়ের বৈদেশিক ভাতা** | **(ক)** সরকারি ভ্রমন ১৫দিনের অধিক না হলে পূর্ণ হারে বৈদেশিক ভাতা প্রাপ্য হবে।<br>(খ) সরকারি ভ্রমন ১৫ দিনের অধিক, তবে ১ মাসের কম হলে ৭৫% প্রাপ্য হবে।<br>**(গ)** সরকারি ভ্রমন ১ মাসের অধিক হলে ৬৬% প্রাপ্য হবে।<br>(সূত্রঃ Financial Instructions for the Guidance of Bangladesh Missions Abroad চ্যাপ্টার - ৯ অনুচ্ছেদ-২৬)। |

| | | |
|---|---|---|
| ২২. | হোমলীভের প্রাপ্যতা | (ক) হ্রাসকৃত মূল্যে (excursion fare) টিকেট ক্রয় করতে হবে ।<br>(খ) মিশন সরাসরি বিমান টিকেটের মূল্য চেকের মাধ্যমে বিমান সংস্থাকে পরিশোধ করবে । স্বাভাবিক ভাড়ার পাশাপাশি হ্রাসকৃত ভাড়া দেখাতে হবে (সূত্রঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-সংস্থাপন (১)-১৬/২/৮৮(গ) তারিখঃ ১৭/০৭/১৯৮৮ খ্রিঃ) ।<br>● বিদেশস্থ বাংলাদেশ মিশনে পদায়িত কর্মকর্তাগণ একনাগাড়ে ২৪ মাস চাকুরী পূর্তির পর হোমলীভ প্রাপ্য হবেন ।<br>● তবে কোন কর্মকর্তা ১ পদায়ন মেয়াদে একবারের বেশী হোমলীভ প্রাপ্য হবেন না ।<br>● হোমলীভ ভোগ শেষে সংশ্লিষ্ট কর্মকর্তাকে ন্যূনপক্ষে এক বছর বিদেশের কর্মস্থলে অবস্থান করতে হবে ।<br>● চুক্তি ভিত্তিক কর্মকর্তাদের ক্ষেত্রে চুক্তির শর্তানুযায়ী হোমলীভ প্রযোজ্য হবে। চুক্তির মেয়াদ ৩ বছরের কম হলে হোমলীভ প্রদেয় হবে না । এ বিষয়ে চুক্তিপত্রে সুস্পষ্ট উল্লেখ থাকতে হবে ।<br>● কোন কর্মকর্তা যদি হোমলীভ ভোগ শেষে স্বেচ্ছায় বিদেশের কর্মস্থলে ফিরে না যান সে ক্ষেত্রে হোমলীভের জন্য প্রাপ্ত আর্থিক সুবিধাদি তাকে ফেরত প্রদান করতে হবে। তবে দুর্ঘটনা, মৃতজনিত কারণে কিংবা কর্তৃপক্ষের নির্দেশে হোমলীভ ভোগ শেষে কর্মস্থলে ফিরে যাওয়া সম্ভব না হলে প্রাপ্ত আর্থিক সুবিধাদি ফেরত প্রদান করতে হবে না ।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/বিধি-৫/পম/প্যাসেজ/(এইচএল)-১/৮৯/০৬ তারিখঃ ১১/০২/২০১০ খ্রিঃ) । |
| ২৩. | যৌথ উপহার ক্রয় | (১) প্রতি পর্বে এককালীন ১৫০০ টাকার অতিরিক্ত ব্যয় করা যাবে না। বাৎসরিক ব্যয় ৩৭৫০ টাকার উর্ধ্বে হবেনা (নিউইয়র্ক, ওয়াশিংটন, লন্ডন, প্যারিস, ব্যাংকক, আংকারা, তেহরান, নতুন দিল্লী ও মস্কো-৬০০০ টাকা) ।<br>(সূত্রঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং বিধি-৩/১/৮৮ তারিখঃ ১৭-১২-১৯৮৯ খ্রিঃ ) ।<br>(২) প্রতি পর্বে এককালীন ৩৫০০ টাকার অতিরিক্ত ব্যয় করা যাবে না। বাৎসরিক ব্যয় ৭৫০০ টাকার উর্ধ্বে হবে না (নিউইয়র্ক, ওয়াশিংটন, লন্ডন, প্যারিস, ব্যাংকক, আংকারা, তেহরান, নতুনদিল্লী ও মস্কো-২০,০০০ টাকা) ।<br>(সূত্রঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং এডি-আর এন্ড ডি-১০২,তারিখঃ১২-০২-২০০৮খ্রিঃ ) । |
| ২৪. | ভিজিটিং কার্ড মুদ্রণ | ভিজিটিং কার্ড মুদ্রণ ব্যয় সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক পরিশোধ করতে হবে। (সূত্র- Financial Instructions for the Guidance of Bangladesh Missions Abroad চ্যাপ্টার -১২ অনুচ্ছেদ-৮) । |
| ২৫. | বদলীজনিত টিকেট ক্রয় এবং মালামাল পরিবহন | মিশন হতে পররাষ্ট্র মন্ত্রণালয়ে এবং মিশন হতে মিশনে বদলীর ক্ষেত্রে বিমান টিকেটের মূল্য সরাসরি বিমান সংস্থাকে পরিশোধ করতে হবে (সূত্র ঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-এসএস(এ)-৫/৮৮/৭৬ তারিখ ১৬-০২-১৯৭৬) । |
| | | মালামাল পরিবহন ব্যয় অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২৬/৮/২০০৭ তারিখের পত্র নং-এডি-বি এন্ড ইসি-৮১৭৩/রুলস/২০০৬ অনুযায়ী প্রাপ্য । এ আদেশ ২৬/০৮/২০০৭ তারিখ হতে কার্যকর । |
| | বদলীজনিত কারণে কর্মকর্তা/ কর্মচারীদের বিভিন্ন রূটের ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ ১০% বৃদ্ধি | ০১/০৫/২০১১ খ্রিঃ হতে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে বিদেশস্থ বাংলাদেশ মিশন সমূহে, মিশন হতে মন্ত্রণালয়ে এবং মিশন হতে মিশনে বদলীজনিত কারণে কর্মচারীদের নির্ধারিত ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ কিংবা ভাড়া ১০% বৃদ্ধি করা হয়েছে (সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের পত্র নং-০৭.১৭২.০১৮.১৯.০০.০১৩.২০১০.১১৪ তারিখঃ ১১/০৯/২০১১ খ্রিঃ) । |

| | | |
|---|---|---|
| ২৬. | **কন্স্যুলার ফি বাবদ আয়** | ● কন্স্যুলার ফি বাবদ আয় নিরীক্ষার জন্য অন্যান্য বিষয়সহ নিম্নলিখিত বিষয়সমূহ যাচাই করতে হবেঃ-<br>ক) পাসপোর্টের আবেদন ফরম ইস্যুর সংখ্যা (অর্ডিনারি ডেলীভারি/আর্জেন্ট ডেলীভারি);<br>খ) পাসপোর্ট ইস্যুর সংখ্যা (অর্ডিনারি ডেলীভারি/আর্জেন্ট ডেলীভারি);<br>গ) পাসপোর্ট ইস্যুর ভিত্তিতে প্রাপ্ত আয় ;<br>ঘ) নবায়নকৃত পাসপোর্টের সংখ্যা;<br>ঙ) পাসপোর্ট সত্যায়নের সংখ্যা; ভিসা ইস্যুর সংখ্যা;<br>চ) প্রাপ্ত আয়ের সংগে ব্যাংক জমা রেজিস্টার যাচাই;<br>ছ) পাসপোর্ট ইস্যু রেজিস্টার যাচাই;<br>জ) পাসপোর্ট স্টক রেজিস্টার যাচাই (কূনৈতিক শাখায় রক্ষিত পাসপোর্ট স্টক রেজিস্টার ও কন্স্যুলার শাখায় রক্ষিত পাসপোর্ট প্রাপ্তি রেজিস্টারের সংগে তুলনা);<br>ঝ) Client receipt এবং counterfoil of receipt book এর যাচাই । |
| ২৭. | **দত্তক সন্তান** | মিশনে কর্মরত কোন কর্মকর্তা দত্তক সন্তান গ্রহণ করলে উক্ত দত্তক সন্তানের জন্য সরকার হতে কোন ধরনের আর্থিক সুবিধা প্রাপ্য হবে না। (সূত্র -অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/প্রবিধি-৫/পম/বিবিধ-২৬/৯৯/১০৮ তারিখ ২৫-১১-২০০৪) । |
| ২৮. | **বৈদেশিক ভাতা ও আপ্যায়ন ভাতা** | সরকার কর্তৃক নির্ধারিত হারে বৈদেশিক ভাতা ও আপ্যায়ন ভাতা স্থানীয় মুদ্রায় রুপান্তর করে উত্তোলনের সময় সঠিক বিনিময় হার অনুযায়ী উত্তোলন করা হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে দেখতে হবে ।<br>(সূত্র ঃ নং-অম/অবি/ব্যঃনঃ-৭/এম (৫৪)/অংশ-১/২০০২-২০০৫, তাং ৮/৪/২০০৭ খ্রিঃ এবং নং-অম/অবি/ব্যনি-৭/এম(৩৯)/অংশ-২/২০০৮/৪১, তাং ১৩/ ৭/ ২০০৮ খ্রিঃ) । |
| | **বৈদেশিক ভাতা ও আপ্যায়ন ভাতা পুনঃনির্ধারণ** | বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বৈদেশিক ও আপ্যয়ন ভাতা পুনঃনির্ধারণের সরকারি মঞ্জুরী জ্ঞাপন করা হয়েছে (সূত্রঃ অম/অবি/ব্যঃনিঃ-২/এম(৩৯)/অংশ-৩/২০০৮/৫২ তারিখ ১১/০৩/২০১২ খ্রিঃ) । |
| | **বৈদেশিক ভাতা ও আপ্যায়ন ভাতা পুনঃনির্ধারণ** | ● বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন সমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ সরকারের বিভিন্ন সময়ের আদেশে বৈদেশিক ও আপ্যায়ন ভাতা প্রাপ্য (সূত্রঃ সর্বশেষ ১১/০৩/২০১২ খ্রিঃ তারিখের অর্থ বিভাগের পত্র নং-অম/অবি/ব্যঃনিঃ-২/এম(৩৯)/অংশ-৩/২০০৮/৫২)<br>● বিদেশেস্থ বাংলাদেশ মিশনে নিয়োজিত সকল কর্মকর্তা বৈবাহিক পরিস্থিতি বা সন্তান সংখ্যা নির্বিশেষে একই হারে বৈদেশিক ও আপ্যায়ন ভাতা পাবেন (সূত্রঃ অর্থ মন্ত্রণালযেল স্মারক নং-এম/অবি/বহিঃ অর্থ-৪/এম(৫১)/৯৮/৩০০ তারিখঃ ২১/০৩/১৯৯৯ খ্রিঃ) ।<br>● নৈশ বা নিরাপত্তা প্রহরী এবং পিয়নদের বৈদেশিক ভাতা দূতাবাসে পদায়িত হলে পারিবার সাথে নিলে কিংবা না নিলেও ১০০% হারে বৈদেশিক ভাতা প্রাপ্য হবেন (সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম(অবি/বিধি-৪/পঃমঃ/ভাতা-৪/৯৩ আর্মি/২৮৪ তারিখঃ ২৫/০৪/১৯৯৫ খ্রিঃ) । |
| ২৯. | **মিশনে কর্মরত সামরিক বিভাগের কর্মকর্তা/ কর্মচারীদের বেতন ভাতা** | মিশনে কর্মরত সামরিক বিভাগের কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন ভাতা জে এস আই-৩/৯৫ তারিখ ২০-৫-৯৫ এবং জে এস আই- ৪/৯৫ তারিখ ২৯-১১-৯৫ অনুযায়ী প্রাপ্য হবে । |
| ৩০. | **রেশন ভাতা** | প্রতিরক্ষা বিভাগের কর্মকর্তা বা কর্মচারীগণ মিশনের প্রতিরক্ষা উইং এ কর্মরত থাকলে রেশন ভাতা প্রাপ্য হবেন না (সূত্র ঃ জেএসআই-৪/৯৫ এর অনু:-৩) । |

| | | |
|---|---|---|
| ৩১. | **Emergency passage** | (১) শুধুমাত্র পররাষ্ট্র ক্যাডার সার্ভিসের কর্মকর্তাগণ সারা চাকুরি জীবনে দু'টি (ফিরতি টিকেটসহ) Emergency Passage সুবিধা প্রাপ্য হবেন। অন্য কোন ক্যাডার সার্ভিসের কর্মকর্তাগণ উক্ত সুবিধা প্রাপ্য হবেন না এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মরত কর্মচারীগণও এ সুবিধা প্রাপ্য হবেন না [Foreign Service Rules 1962 (অনুচ্ছেদ নং-৬১)]।<br>(২) বিদেশে বাংলাদেশ মিশনসমূহে কর্মরত বিসিএস (পররাষ্ট্র) ক্যাডারের পাশাপাশি অন্যান্য বিসিএস ক্যাডার সদস্যগণ নিম্নবর্ণিত শর্তে Emergency Return Passage সুবিধা প্রাপ্য হবেন;<br>● পররাষ্ট্র ক্যাডারের সদস্যগণ বিদ্যমান বিধিমালা অনুযায়ী সমগ্র চাকুরি জীবনে ২ (দুই) বার এবং দূতাবাসে কর্মরত অন্যান্য ক্যাডার সদস্যগণ এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে সমগ্র চাকুরি জীবনে ১ (এক) বার Emergency Return Passage সুবিধা প্রাপ্য হবেন;<br>● শুধু পিতা, মাতা, শ্বশুড় বা শাশুড়ীর মৃত্যুজনিত কারণে এ সুবিধা প্রদান করা যাবে;<br>● সংশ্লিষ্ট ক্যাডার সদস্য এবং তার Spouse এ সুবিধার আওতাভুক্ত হবেন, পরিবারের অন্য কোন সদস্যকে এ সুবিধা প্রদান করা যাবে না; এবং<br>● মিশন প্রধান ছুটি মঞ্জুর করবেন, তবে সংশ্লিষ্ট ক্যাডার সদস্যের জন্য প্রযোজ্য প্রশাসনকি মন্ত্রণালয়কে অবহিত করে কর্মস্থল ত্যাগ করতে হবে (অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭২.৩১.০০৬.২০-২৪৪, তারিখঃ ০৮/০৯/২০২২ খ্রি.)। |
| ৩২. | **বিমান ভাড়া** | ● বিমান টিকেট এবং টিকেটের মূল্য পরিশোধের মানি রিসিপ্ট যাচাই করতে হবে।<br>● বিধি বিধান যথাযথভাবে অনুসরণ পূর্বক মার্কেট ফেয়ার (Actual Cost of Ticket) অনুসরণে ভাড়া দাবী করতে হবে, বিশেষ করে জিএফআর-১০ যথাযথভাবে অনুসরণ করতে হবে, IATA কিংবা অন্য কোন ট্রাভেল এজেন্সীর নিকট হতে সংগৃহীত কোটেশনের ভিত্তিতে ভাড়া দাবী করা যাবে না (সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের পত্র নং-অম/অবি/ব-৮/১৮০১-০০০১(১)/৯৮ অংশ-২/৩৬১ তারিখঃ ২২/০৬/২০০৯ খ্রিঃ)। |
| ৩৩. | **Special Remittance** | Special Remittance এর অর্থ প্রকৃত উদ্দেশ্যে যথাযথভাবে ব্যয় করা হয়েছে কিনা এবং উদ্বৃত্ত অর্থ ফেরৎ পাঠানো হয়েছে কিনা পরীক্ষা করতে হবে। |
| ৩৪. | **বদলীজনিত অগ্রিম ভ্রমণ ভাতা** | বদলীজনিত ভ্রমণ অগ্রিম বাবদ গৃহীত অর্থ সমন্বয় হয়ে না থাকলে প্রদত্ত ভ্রমণ অগ্রিমের বিষয়টি ভালভাবে নিরীক্ষা করে দেখতে হবে। ভ্রমণ অগ্রিম মঞ্জুরীর সময় প্রায় সকল ক্ষেত্রে প্রাপ্য না থাকা সত্বেও ট্রানজিট ভাতা,টার্মিনাল চার্জ এবং ইন্সিডেন্টাল চার্জ প্রদান করা হয়ে থাকে। ভ্রমণ অগ্রিম সমন্বয়ের বিষয়ে আপত্তি দেয়ার সময় অগ্রিম বাবদ কোন অতিরিক্ত অর্থ পরিশোধ করা হয়েছে কিনা (অর্থাৎ প্রাপ্যতা বহির্ভূত ট্রানজিট ভাতা,টার্মিনাল চার্জ এবং ইন্সিডেন্টাল চার্জ) তা ভালভাবে পরীক্ষা করে প্রাপ্যতা বহির্ভূত অর্থ আদায়সহ অগ্রিম সমন্বয়ের বিষয়ে আপত্তি দিতে হবে। |
| | **১ মাসের মধ্যে সমন্বয়** | হোটেল ভাড়া ভিত্তিক নগদ ভাতা গ্রহণকারীগণকে বিদেশ হতে ফেরার ১ মাসের মধ্যে অগ্রিমের অর্থ সমন্বয় করতে হবে।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/ব্যঃনিঃ-২/২(১৯)/২০০০-০৪/অংশ-১/২২১, তারিখ ০৯/১০/২০১২ খ্রিঃ এর অনুচ্ছেদ-১৬)। |
| ৩৫. | **প্রেষণ ভাতা একই সাথে বৈদেশিক ভাতা ও প্রেষণ ভাতা** | বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের বিভিন্ন উইং এর কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ একই সাথে বৈদেশিক ভাতা ও প্রেষণ ভাতা প্রাপ্য হবেন না। তাঁরা শুধুমাত্র বৈদেশিক ভাতা প্রাপ্য হবেন।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগের স্মারক নং-০৭.১৭৫.০৩১.০১.০০.০২৭.২০০৭ (অংশ)/২০৩ তারিখ ০৯/০৯/২০১০ খ্রিঃ) |

| | | |
|---|---|---|
| ৩৬. | **দুই এর অধিক সন্তানের জনক/ জননী কর্মচারীদের বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে/ আন্তর্জাতিক সংস্থায় নিয়োগের ক্ষেত্রে সরকারি সিদ্ধান্ত** | (ক) ০১/০৭/১৯৮৮ তারিখের পর যদি কোন সরকারি কর্মকর্তা বা কর্মচারীর কোন সন্তান জন্মগ্রহণ করে এবং তাহার ফলে তাঁহার জীবিত সন্তান সংখ্যা ২ এর বেশী হয় তবে তিনি বিদেশে চাকুরী/প্রেষণের জন্য বিবেচিত হইবেন না ।<br>(খ) উক্ত তারিখের পর জন্মগ্রহণকারী দুইয়ের অধিক কোন সন্তানকে সরকার কর্তৃক যাতায়াত ও দৈনিক ভাতা অথবা অন্য কোনও প্রকার সুযোগ সুবিধা দেওয়া হবে না এবং এই নীতি পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের বেলায়ও প্রয়োজ্য হইবে ।<br>(গ) যে সকল কর্মকর্তা/কর্মচারী কোন বৈদেশিক/আন্তর্জাতিক সংস্থার চাকুরী লাভ করবেন । তাদের ক্ষেত্রে উপরোক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না ।<br>(সূত্রঃ সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম (প্রঃ-২)৮৬-২৩৬ (১০০) তারিখ ১০/০৫/১৯৮৭ খ্রিঃ)<br>(১) ১লা জানুয়ারী' ১৯৯২ তারিখের পর যদি কোন সরকারি কর্মকর্তা বা কর্মচারীর কোন সন্তান জন্ম গ্রহণ করে এবং তাহার ফলে তাহার সন্তান সংখ্যা দুই এর বেশী হয় তবে তিনি বিদেশে চাকুরী/প্রেষণের জন্য বিবেচিত হবেন না ।<br>(সূত্রঃ সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম (প্রঃ-২)-১০০/৮৯ (অংশ-২)-৮০৭ (৩৫০) তারিখ ১৮/১০/১৯৯০ খ্রিঃ) |
| | **সন্তান সংখ্যা ২ এর অধিক হলে বিদেশে চাকুরি/প্রেষণ** | উপরের 'ক' এর পরিবর্তে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়েছেঃ<br>১লা জানুয়ারী' ১৯৯২ তারিখের পর যদি কোন সরকারি কর্মকর্তা বা কর্মচারীর কোন সন্তান জন্ম গ্রহণ করে এবং তাহার ফলে তাহার সন্তান সংখ্যা দুই এর বেশী হয় তবে তিনি বিদেশে চাকুরী/প্রেষণের জন্য বিবেচিত হবেন না ।<br>(সূত্রঃ সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম (প্রঃ-২)-১০০/৮৯ (অংশ-২)-৮০৭ (৩৫০) তারিখ ১৮/১০/১৯৯০ খ্রিঃ) |
| ৩৭. | **ভ্রমণ ভাতা**<br>**সরকারি কাজে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ সুবিধা** | মাননীয় মন্ত্রী, জাতীয় সংসদের সদস্য, সরকারি কর্মকর্তা/কর্মচারী, বেসামরিক ব্যক্তি ও অন্যান্যদের বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ সুবিধা নির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগের আদেশে বর্ণিত সুবিধা যাচাই করে দেখতে হবে । তবে ও আদেশ যা ০১ অক্টোবর ২০১২ থেকে কার্যকর হবে (সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/ব্যঃনিঃ-২/২ (১৯)/২০০০-০৪/ অংশ-১/২২১ (১০০০) তারিখঃ ০৯/১০/২০১২ খ্রিঃ) । |
| | **ব্যক্তিগত কর্মকর্তাগণের বৈদেশিক ভাতা প্রাপ্তি** | বিদেশস্থ বাংলাদেশ মিশন সমূহে নিয়োজিত প্রশাসনিক ও ব্যক্তিগত কর্মকর্তাগণ দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা (অকূটনৈতিক) হিসাবে মিশনে এ্যার্টাশেদের (দ্বিতীয় শ্রেণী) জন্য নির্ধারিত অঙ্কে বৈদেশিক ভাতা প্রাপ্য হবেন । (সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/বিধি-৫/ভাতা-১/২০০০/৮২ তারিখঃ ১৩/০৬/২০০৭ খ্রিঃ) । |
| ৩৮. | **সম্পদের ব্যবহার**<br>**সরকারি সম্পদের সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে কতিপয় ব্যয়** | অর্থনৈতিক স্থিতিশীলতা অব্যাহত রাখা তথা সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সীমিত সরকারি সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন । এমতাবস্থায়, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থা সমূহের বিভিন্ন ধরণের ব্যয়ে অবচয় রোধ, সরকারি সম্পদ ব্যবহারের কৃচ্ছ তাসাধন এবং পণ্য ও সেবা না গ্রহণ যৌক্তিকীকরণের লক্ষ্যে সরকার নির্দেশনা যাচাই করে দেখতে হবে ।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগের স্মারক নং-০৭.১৫৬.০৩২.০৬২.০০.০২.২০০৯.৫১৫ তারিখ ২৫/০৮/২০১৩ খ্রিঃ) । |
| ৩৯. | **মিশন সমূহে পদ সৃষ্টি সংক্রান্ত** | গত ০২/০২/২০১২ তারিখের মাননীয় পররাষ্ট্র মন্ত্রীর উপস্থিতিতে মাননীয় অর্থ মন্ত্রীর সভাপতিত্বে বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন সমূহের কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন ভাতা পুনঃ নির্ধারণ ও অন্যান্য কতিপয় বিষয়ে এক আন্তঃ মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয় । উক্ত সভায় বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন সমূহে ড্রাইভার, টেলিফোন/টেলেক্স অপারেটর সহ ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন সমূহের পদ সৃষ্টির ক্ষেত্রে ড্রাইভার, টেলিফোন/টেলেক্স অপারেটরসহ ৪র্থ শ্রেণীর কর্মচারী বাংলাদেশ থেকে না নিয়ে স্থানীয়ভাবে নিয়োগ করতে হবে (সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/ব্যঃনিঃ-২/পররাষ্ট্র-০৬/২০০৮/অংশ-১/৫১ তারিখঃ ০৮/০৩/২০১২ খ্রিঃ) । |

| | | |
|---|---|---|
| ৪০. | প্রসূতি ছুটি ভোগকালীন সময়ে বৈদেশিক ও আপ্যায়ন ভাতার প্রাপ্যতা | বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসে কর্মরত মহিলা কর্মচারীগণ প্রসূতি ছুটি ভোগকালীন সময়ে পূর্ণ হারে বৈদেশিক ভাতা প্রাপ্য হবেন। তবে কোন আপ্যায়ন ভাতা প্রাপ্য হবেন না (সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/প্রবিধি-৩/ছুটি-৩/২০০৫/০৪ তারিখঃ ৩১/০১/২০০৬ খ্রিঃ)। |
| ৪১. | অগ্রিম ভ্রমণ বিল সমন্বয় সময়সীমা | অধ্যায়নরত সন্তানদের কর্মকর্তার বদলীর পরবর্তী এক বছর সময়ের মধ্যে কর্মকর্তার বদলীকৃত নতুন কর্মস্থলে গমন করলে উক্ত সন্তান কর্মকর্তার সফরসঙ্গী হিসাবে বিবেচিত হবেন সেক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার অগ্রিম গৃহীত ভ্রমণ ভাতা বিল ১৮ মাসের মধ্যে সমন্বয় করতে হবে (সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-এমএফ/আর-৪/টিএ-৩/৮৫(অংশ)/২৬৯ তারিখঃ ১৪/০৩/১৯৯৫ খ্রিঃ)। |
| ৪২. | বাগানের সংজ্ঞা | বাগান বলতে বহিঃ আঙ্গিনার বাগান (Out door Garden), অভ্যন্তরীন বাগান (In door Garden), টেরেস বাগান (Terrace Garden) যে কোন একটি বুঝাবে। দূতাবাস প্রধান এ ধরণের যে কোন বাগানের জন্য মঞ্জুরীকৃত পদের বিপরীতে মালী নিযুক্ত করতে পারবেন (সূত্রঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং-এডি-পি১-৮০৫৪ তারিখঃ ১৯/০৮/২০০০ খ্রিঃ)। |
| ৪৩. | সরকারি গাড়ি | সরকারি দপ্তরে ১৬০০ সিসির উর্ধ্বে সিজন গাড়ি এবং ২৭০০ সিসির উর্ধ্বে SUV (জীপ গাড়ি) ব্যবহার করা যাবে না (সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৭.১৫৬.০৩২.০৬২.০০.০২.২০০৯-৫১৫ তারিখঃ ২৫/০৮/২০১৩ খ্রিঃ)। |
| ৪৪. | অতিরিক্ত গৃহীত অর্থ ফেরত প্রদান | • বৈদেশিক মুদ্রায় গৃহতি সর্বপ্রকার উদ্বৃত্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হবে।<br>• পাউন্ড স্টালিং বা মার্কিন ডলারে গৃহীত অতিরিক্ত অর্থ বা উদ্বৃত্ত অর্থ পাউন্ড স্টালিং বা মার্কিন ডলারে ফেরতযোগ্য হবে।<br>• বাংলাদেশী মুদ্রায় গৃহীত অতিরিক্ত অর্থ ফেরত প্রদান করা যাবে। তবে এ ক্ষেত্রে চলতি বিনিময় হারের ১.৫ (দেড়) গুন আদায়যোগ্য (সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-এমএফ/ই.এফ-৪ (এটি)/জি(৪৪)/৯১-৯২/অংশ-২/৫৩ তারিখঃ ১৮/০৩/১৯৯২ খ্রিঃ)। |
| ৪৫. | হার্ডশীপ এলাউন্স | জেদ্দা, আকিয়াব, কাবুল এবং পিকিং মিশনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ মূলবেতনের ২০ ভাগ তবে সর্বোচ্চ ৩০০ টাকা মাসিক হারে হার্ডশীপ ভাতা পাবেন (সূত্রঃ বিদেশস্থ বাংলাদেশ মিশন পরিচালনায় জন্য আর্থিক নির্দেশমালা ১৯৬৬ (৩৭)। |
| ৪৬. | ডেমারেজ চার্জ | ব্যক্তিগত মালামাল পরিবহনের জন্য সরকার ডেমারেজ চার্জ প্রদানের জন্য দায়ী নয়। ডেমারেজ চার্জ ব্যক্তিকেই পরিশোধ করতে হবে (সূত্রঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের মেমো-পিএফএস/১১/২৮/৫২ তারিখঃ ২৫/০১/১৯৫৬ খ্রিঃ)। |
| ৪৭. | বকশিস প্রদান | দাপ্তরিক আপ্যায়নে ওয়েটারকে বকশিস প্রদান করা যাবে এবং সরকারি হিসাবে ধার্য করা যাবে কেবল যদি তা ক্যাটারের বিলে অন্তর্ভুক্ত থাকে (সূত্রঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং-এফএম(৩)-৭/৭/৫৩ তারিখঃ ০২/১১/১৯৫৩ খ্রিঃ)। |
| ৪৮. | দূতাবাস প্রধানের ভ্রমণ | দূতাবাস প্রধান অধিক্ষেত্রধীনের বাইরে মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত ভ্রমণ করতে পারেন না (সূত্রঃ মিশন অডিট ম্যানুয়েল চ্যাপ্টার-৯, প্যারা-১০২, নোট-১)। |
| ৪৯. | ইন্টারনেট | মান্যবর রাষ্ট্রদূত বা মিশন প্রধানগণ দাপ্তরিক বাসস্থানে ইন্টারনেট সংযোগ ও ব্যবহারের ব্যয় স্ব স্ব মিশনের আর্থিক কোড-৪৮১৬ এর বাজেট বরাদ্দ থেকে মিটানো যাবে (সূত্রঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং-এডিআরএন্ডডি-০১(কেবল/ইন্টারনেট) তারিখঃ ২৫/১২/২০০৭ খ্রিঃ)। |
| ৫০. | ব্যাটম্যান ভাতা এবং ব্যাটম্যান রশদ ভাতা | দূতাবাসে কভার পোষ্টে কর্মরত সশস্ত্র বাহিনীর অফিসারদের ব্যাটম্যান ভাতা এবং ক্ষতিপূরণার্থে ব্যাটম্যান রশদ ভাতা প্রাপ্য নন। এমনকি জেএসআই-৩/৯৫ অনুযায়ী কীট ভাতা প্রাপ্য নন (সূত্রঃ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-ভাতা-৯/৮৩/ডি-১৯/২৫০ তারিখঃ ২৯/১২/২০০৭ খ্রিঃ)। |
| ৫১. | ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল | দূতাবাস পরিচালিত ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল রাষ্ট্রদূতের তদারকীকে শ্রম উইং এর মাধ্যমে পরিচালিত হবে এবং তহবিলে সংগৃহীত অর্থ হতে কর্মীদের কল্যাণে যে অর্থ খরচ হবে উহার জন্য দূতাবাস প্রধানের অনুমোদন গ্রহণ করে নিয়মানুযায়ী খরচ করতে হবে (সূত্রঃ শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের পত্র নং-শা-১৩/কল্যাণ-১/৯০ (অংশ-১)/৫৫৮ তারিখঃ ০১/১১/১৯৯২ খ্রিঃ)। |

| | | |
|---|---|---|
| **৫২.** | **স্থানীয় ভিত্তিক কর্মচারীদের সুবিধাদি** | বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে কর্মরত স্থানীয় ভিত্তিক কর্মচারীদের ১২ মাসের বেতনের অতিরিক্ত আরো ০১ মাসের বেতনের সমপরিমাণ ভাতা প্রদান সংক্রান্ত (কার্যকর হওয়ার তারিখঃ ০১/০১/২০১৮ খ্রিঃ) ।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.১৫১.০২৯.০০.০০০(ভ্রমণ নীতি-১).২০০৮.১৭১, তারিখঃ ১১/১২/২০১৮ খ্রিঃ) |
| **৫৩.** | **মৌসুমী হজ অফিসারদের প্রাপ্যতা** | বাংলাদেশ হজ অফিস, মক্কা, মদিনা ও জেদ্দায় নিয়োগকৃত মৌসুমী হজ অফিসারগণকে বৈদেশিক ভাতা, আপ্যায়ন ভাতা, কষ্ট ভাতা এবং বিধি মোতাবেক যোগদানকালীন ডিএ ও উল্লিখিত দেশের অভ্যন্তরে ভ্রমণের ক্ষেত্রে টিএ ও ডিএ প্রাপ্য হবেন ।<br>(সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.১৫২.০১৫.১৬.০০.০০৬.২০১৯.৩৭৪, তারিখঃ ১১/০৩/২০২০ খ্রিঃ) |
| **৫৪.** | **কল্যাণ ফি জমা দিতে হবে** | বাংলাদেশ দূতাবাস কর্তৃক আদায়কৃত কল্যাণ ফি, সত্যায়ন ফি এবং কনস্যুলার ফি এর উপর ১০% হারে সারচার্জের অর্থ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে জমা দিতে হবে ।<br>[সূত্রঃ ২৯/০৭/২০১৮ তারিখের জারিকৃত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন-২০১৮ এর ধারা ১৪ (ঙ)] |

==০==